Alpana Majumder 12.11.18

# ST. LAWRENCE HIGH SCHOOL
A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
## Third Term Test – 2018

FOR GOD AND COUNTRY

**Sub:** Bengali Grammar & Comp (Answer) **Class: VI** **F. M. - 90**
**Duration: 2 Hrs 30 Mins** **Date: 12.11.18**

(বানান ভুল, বাক্যের গঠনে ভুল, অপরিষ্কার ও অপরিচ্ছন্ন হাতের লেখার জন্য নম্বর কাটা যেতে পারে)

## বিভাগ-ক (২৫)

**১) সঠিক উত্তর বেছে লেখঃ** (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ১.১) | কালিদাস মেঘদূত রচনা করেন। | (খ) কর্মকারক |
| ১.২) | গরুতে গাছটা মুড়িয়ে খেয়েছে। | (খ) কতৃকারক |
| ১.৩) | শীতকালে গাছের পাতা ঝরে পড়ে। | (গ) অধিকরণকারক |
| ১.৪) | ঘোড়ায় গাড়ি টানে। | (ক) কতৃকারক |
| ১.৫) | বিপদে মোরে রক্ষা কর। | (খ) অপাদানকারক |

**২) শূন্যস্থান পূরণ করঃ** (৫ × ১ = ৫)

| | |
|---|---|
| ২.১) | রবি + ইন্দ্র = ..........রবীন্দ্র.............। |
| ২.২) | দুর্গা + উৎসব = .....দুর্গোৎসব........। |
| ২.৩) | মহা + ঈশ = ........মহেশ.........। |
| ২.৪) | কথা + .......অমৃত...... = কথামৃত। |
| ২.৫) | ........প্রতি........ + এক = প্রত্যেক। |

**৩) বাঁদিকের শব্দের সাথে ডানদিকের বিপরীত শব্দ মিলিয়ে লেখঃ** (৫ × ১ = ৫)

| | বাঁদিক | | ডানদিক |
|---|---|---|---|
| (ক) | পণ্ডিত | (ক) | মূর্খ |
| (খ) | প্রত্যক্ষ | (খ) | পরোক্ষ |
| (গ) | দ্রুত | (গ) | মন্থর |
| (ঘ) | প্রাচীন | (ঘ) | নবীন |
| (ঙ) | বক্তা | (ঙ) | শ্রোতা |

**৪) নিচের বিশেষ্য পদগুলিকে বিশেষণ পদে পরিবর্তিত করোঃ** (৫ × ১ = ৫)

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১) শিব - শৈব | ৪.২) শরীর - শারীরিক | ৪.৩) অন্তর-আন্তরিক | ৪.৪) জল- জলীয় | ৪.৫) যন্ত্র - যান্ত্রিক |

**৫) নীচে দাগ দেওয়া বিশেষ্য ও সর্বনাম পদগুলি কোন পুরুষ লেখঃ** (৫ × ১ = ৫)

| | | |
|---|---|---|
| ৫.১) | তিনি এই বইটি লিখেছেন। | প্রথম পুরুষ |
| ৫.২) | মোরা এক ভাষাতে গাই গান। | উত্তম পুরুষ |
| ৫.৩) | তোরা কখন বাড়ি যাবি? | মধ্যম পুরুষ (তুচ্ছার্থে) |
| ৫.৪) | রবীন্দ্রনাথের কবিতা পড়তে ভালবাসি। | প্রথম পুরুষ |
| ৫.৫) | আপনি কখন এলেন? | মধ্যম পুরুষ (সম্মানার্থে) |

## বিভাগ-খ (২৫)

১) নীচের বাক্যগুলি থেকে অব্যয় পদগুলিকে খুঁজে বের কর ও কোনটি কী প্রকার অব্যয় লেখঃ (যে কোনো পাঁচটি)
(৫ × ২ = ১০)

| | | |
|---|---|---|
| ১.১ | আমাকে ভাত অথবা রুটি খেতে দাও। | অথবা – বিয়োজক অব্যয় |
| ১.২ | এবার বন্ধুদের সাথে ঠাকুর দেখেছি। | সাথে – পদান্বয়ী অব্যয় |
| ১.৩ | মাঠে রোদ ঝাঁ ঝাঁ করছে। | ঝাঁ ঝাঁ – অনুকারসূচক অব্যয় |
| ১.৪ | বাঃ ! কি সুন্দর পাখিটি। | বাঃ – ভাবপ্রকাশক অব্যয় |
| ১.৫ | ওহে, এদিকে এসো। | ওহে – সম্বোধনসূচক অব্যয় |
| ১.৬ | তুমি আর আমি দুজনেই বেড়াতে যাব। | আর – সংযোজক অব্যয় |

২) **সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :**
(৫ × ৩ = ১৫)

| | | |
|---|---|---|
| ২.১ | সন্ধি কাকে বলে? সন্ধি কয়প্রকার ও কি কি উদাহরণ সহ লেখ। | - পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনির দ্রুত উচ্চারণের ফলে যে মিলন বা পরিবর্তন হয় তাকে সন্ধি বলে।<br>উদাহরণঃ বেদ + অন্ত = বেদান্ত।<br>- সন্ধি তিন প্রকার। (ক) স্বরসন্ধি - দেব + আলয় = দেবালয়।<br>(খ) ব্যঞ্জনসন্ধি - দিক্ + অন্ত = দিগন্ত।<br>(গ) বিসর্গসন্ধি - তপঃ + বন = তপোবন। |
| ২.২ | পদ কাকে বলে? পদ কয়প্রকার ও কি কি? | - বিভক্তিযুক্ত শব্দ বা ধাতুকে ব্যাকরণে পদ বলে। উদাহরণ- আকাশে পাখি ওড়ে। আকাশ (শব্দ) + এ (শব্দ বিভক্তি) = আকাশে (পদ – বিশেষ্যপদ) পদ বাক্যে ব্যবহৃত হয়।<br>- পদ দুই প্রকার - (১) নামপদ (২) ক্রিয়াপদ।<br>নামপদ চার প্রকার- বিশেষ্য, বিশেষণ, সর্বনাম ও অব্যয় । পদ এই ভাবে পাঁচ প্রকার। |
| ২.৩ | লিঙ্গ কাকে বলে? লিঙ্গ কয়প্রকার ও কি কি উদাহরণ সহ লেখ । | - যে চিহ্ন বা লক্ষণ দিয়ে একটি শব্দ পুরুষবাচক না স্ত্রীবাচক না অপ্রাণীবাচক প্রভৃতির বোধ জন্মায় তাকে লিঙ্গ বলে। উদাহরণ- মাতা, পিতা<br>- লিঙ্গ চার প্রকার। (১) পুংলিঙ্গ – রাজা(২) স্ত্রীলিঙ্গ – রাণী<br>(৩) ক্লীবলিঙ্গ – মাটি, বই (৪) উভয়লিঙ্গ – সন্তান |
| ২.৪ | কারক কাকে বলে? কারক কয়প্রকার ও কি কি? | - বাক্যের অন্তর্গত ক্রিয়াপদের সঙ্গে বিশেষ্য বা সর্বনাম পদের যে অন্বয় বা সম্বন্ধ, তাকে কারক বলে।<br>উদাহরণ- ছেলেরা খেলছে। ছেলেরা – কারক (কর্তৃকারক)<br>- কারক ছয় প্রকার। (১) কর্তৃকারক, (২) কর্মকারক, (৩) করণকারক,<br>(৪) সম্প্রদান ও নিমিত্তকারক, (৫) আপাদনকারক, (৬) অধিকরণকারক |
| ২.৫ | বাক্যের কয়টি অংশ? অংশগুলি কি কি উদাহরণ দিয়ে বোঝাও। | - বাক্যের দুটি অংশ। (১) উদ্দেশ্য (২) বিধেয়।<br>- বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয় তাকে উদ্দেশ্য বলে। উদ্দেশ্য সম্পর্কে যা বলা হয় তাকে বিধেয় বলে।উদাহরণ - আমি রোজ স্কুলে যাই। আমি – উদ্দেশ্য। রোজ স্কুলে যাই - বিধেয় |
| ২.৬ | পুরুষ কাকে বলে? পুরুষ কয়প্রকার ও কি কি উদাহরণ সহ লেখ । | - ব্যাকরণে যে শব্দের দ্বারা বক্তা, শ্রোতা বা উদ্দিষ্ট ব্যক্তি সম্বন্ধে বোধ জন্মায় তাকে পুরুষ বলে। উদাহরণ – আমি বই পড়ি। আমি – উত্তমপুরুষ।<br>- পুরুষ তিন প্রকার। (১) উত্তমপুরুষ – আমি, আমরা (২) মধ্যমপুরুষ – তুমি, তুই, তোমরা (৩) প্রথমপুরুষ – সে, তিনি, তাহারা। |
| ২.৭ | ক্রিয়াপদ কাকে বলে? ক্রিয়াপদ কয়প্রকার ও কি কি উদাহরণ সহ লেখ । | - ব্যাকরণে যে পদের দ্বারা বাক্যে কোন কিছু হওয়া, থাকা ও করা বোঝায় তাকে ক্রিয়াপদ বলে। উদাহরণ – লোকটি (হয়) সৎ।<br>- (ক) অর্থের সম্পূর্ণতা অনুসারে ক্রিয়াপদ দুইপ্রকার (১) সমাপিকা ক্রিয়াঃ উদাহরণ – আমি **পড়ি** (২) অসমাপিকা ক্রিয়াঃ উদাহরণ – আমি **পড়ে** ।<br>(খ) কর্ম অনুসারে ক্রিয়াপদ দুইপ্রকার (১) সকর্মক ক্রিয়াঃ আমি বই **পড়ি** (বই কর্ম)<br>(২) অকর্মক ক্রিয়াঃ উদাহরণ – শিশুটি ঘুমায় (অকর্ম) |

# বিভাগ-গ (৪০)

**১) নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাওঃ** (১০)

| | | |
|---|---|---|
| ১.১ | বিশেষণ পদ কাকে বলে? উদাহরণ সহ লেখ।<br>যে পদের দ্বারা কোনো বিশেষ্য, সর্বনাম, বিশেষণ বা অব্যয় পদের দোষ, গুন, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি বোঝায়, তাকে বিশেষণ পদ বলে।<br>যেমন – বুদ্ধিমান ছাত্র। বুদ্ধিমান - বিশেষণ পদ। | (২) |
| ১.২ | বিশেষণ পদ প্রধানত কয়প্রকার ও কি কি? উদাহরণসহ লেখ।<br>বিশেষণ পদ প্রধানত দুই প্রকার।<br>ক) নাম বিশেষণঃ উদাহরণ – সাদা জামা।<br>খ) ক্রিয়া বিশেষণঃ উদাহরণ – আমি বই পড়তে খুব ভালবাসি। | (৩) |
| ১.৩ | নাম বিশেষণ কয়প্রকার ও কি কি? উদাহরণসহ লেখ।<br>নাম বিশেষণ চার প্রকার।<br>ক) বিশেষ্যের বিশেষণ – লাল গোলাপ<br>খ) বিশেষণের বিশেষণ - খুব ভাল মেয়ে<br>গ) সর্বনামের বিশেষণ – সে বুদ্ধিমান<br>ঘ) অব্যয়ের বিশেষণ - শত ধিক তোমাকে | (৫) |

**২) যে কোনো একটি চিঠি লেখঃ** (১৪)

| | |
|---|---|
| (ক) | পূজায় ছোট ভাইকে 'আনন্দমেলা' বইটি উপহার দিয়ে ভাইকে গল্পের বই পড়তে উৎসাহিত করে একটি চিঠি লেখ। |
| (খ) | বিদ্যালয়ের শ্রেণীকক্ষকে পরিচ্ছন্ন ও সুন্দর রাখতে তুমি কি কি করবে সেই সম্পর্কে বাবাকে একটি চিঠি লেখ। |
| (গ) | পূজোর ছুটি তুমি কিভাবে কাটিয়েছ সেই সম্পর্কে বন্ধুকে একটি চিঠি লেখ। |

পত্র রচনার সময় পত্রটি কাকে লেখা হচ্ছে, সেই অনুসারে তাকে যথাযথভাবে সম্বোধন করে পত্রটি শুরু হবে।

চিঠি সহজ, সরল ও চলিত ভাষায় লিখতে হবে। পত্রের বিভিন্ন আঙ্গিকের জন্য নির্দিষ্ট নম্বর নির্ধারিত হয়ে থাকে।

পত্রের বিভিন্ন আঙ্গিকঃ

| | |
|---|---|
| - পত্রের একেবারে মাথায় নিজের ঠিকানা ও তারিখ দিতে হবে। | |
| - সম্ভাষণঃ | (ক) স্নেহের ভাই অমল (খ) শ্রীচরণেষু বাবা (গ) প্রিয় রাহুল |
| - মূলপত্রঃ | |
| প্রথম অনুচ্ছেদঃ | (ক) কুশলাদি বিনিময় ও পূজার উপহার – আনন্দমেলা বই।<br>(খ) কুশলাদি বিনিময় ও বিদ্যালয়ের পরিবেশ ও শ্রেণীকক্ষ।<br>(গ) কুশলাদি বিনিময় ও পূজার ছুটির দিন ঘোষনা। |
| দ্বিতীয় অনুচ্ছেদঃ | (ক) বক্তব্য বিষয় – আনন্দমেলা বইটি সম্পূর্ণ ধারনা দেওয়া। গল্পের বই পড়তে উৎসাহিত করা।<br>(খ) বক্তব্য বিষয় - শ্রেণীকক্ষের পরিচ্ছন্নতার উপর বিশেষ নজর দেওয়া ও শ্রেণীকক্ষে ফুলের টব, চার্ট, দেওয়াল পত্রিকা প্রভৃতির মাধ্যমে শ্রেণীকক্ষকে সুন্দর করে সাজিয়ে তোলা / মহাপুরুষদের ছবি ও বাণী দেওয়া যেতে পারে।<br>(গ) বক্তব্য বিষয় – পূজোয় ঠাকুর দেখা /নতুন জামা – জুতোর গন্ধ / পুজোর সংখ্যার – বই, গান/ বাইরে খাওয়া/ পরিবারের সকলের সাথে গল্প গুজব/ একসাথে খাওয়া, নতুন জায়গায় বেড়ানো – এইভাবেই পুজোর ছুটির আনন্দ উপভোগ। |
| তৃতীয় অনুচ্ছেদঃ | প্রীতি বিনিময়/ প্রণাম জ্ঞাপন / সবশেষেঃ ইতি লিখে পত্রলেখকের নাম স্বাক্ষর করে চিঠি শেষ করতে হবে। |
| খামঃ | প্রাপকের নাম ও ঠিকানা দিয়ে একটি খামের নমুনা<br>ডাক টিকিট<br>শ্রীমান অমল দত্ত<br>প্রযত্নে শ্রী কমল দত্ত<br>১০০, জোকা<br>কলকাতা – ৭০০১০৪ |

(১৬)

৩) যে কোনো একটি রচনা লেখঃ (২০০ শব্দে)

রচনা লেখার সময়ে রচনার বিষয়টিকে পাঁচটি আলাদা অনুচ্ছেদের মাধ্যমে লিখতে হবে। অনুচ্ছেদগুলি সহজ সরল ভাষায় লিখতে হবে। ধারাবাহিকতা রক্ষা করতে হবে। সূচনা – বর্ণনা – উপকারিতা/ – অপকারিতা – উপসংহার।

| | | |
|---|---|---|
| (ক) | বাংলার উৎসব। | বিবরণ – বৈচিত্র - গুরুত্ব |
| (খ) | তোমার বিদ্যালয়ের পরিবেশ। | মাঠ; প্রার্থনাসভা; বাগান; লাইব্রেরী; শ্রেণীকক্ষ; ক্যান্টিন; কম্পিউটার ইত্যাদির বর্ণনা। শৃঙ্খলাময় জীবনের মধ্য দিয়ে ফাদার ও শিক্ষক/শিক্ষিকাদের ভালবাসা ও স্নেহের ছায়ায়, বিদ্যালয়ের পরিবেশের মধ্যে ছাত্রজীবন গঠন। |
| (গ) | তোমার প্রিয় খেলা ও খেলোয়াড়। | খেলার আনন্দ, বিভিন্ন খেলার বর্ণনা, খেলোয়াড়দের বিবরণ, প্রিয় খেলোয়াড়ের গুণাগুণ, অক্ষমতা, সৌজন্যতার অভাব, প্রিয় খেলোয়াড়ের প্রতিভা, কৌশল, শিক্ষা ইত্যাদি যা তোমাকে অনুপ্রাণিত করেছে। |
| (ঘ) | তোমার প্রিয় গোয়েন্দা। | গোয়েন্দা কথার অর্থ 'সত্যান্বেষী' – রহস্যের বা সত্যের উদ্ঘাটন – সাহিত্যের গোয়েন্দাদের পরিচয় – প্রিয় গোয়েন্দার প্রতিভা, বুদ্ধি, সাহসিকতা, কৌশলের প্রতি তোমার আকর্ষণ ও অনুপ্রেরণা – জীবনে সত্যান্বেষীর আদর্শগ্রহণ। |